

দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিমিটেড

৪০১/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

যৌন হয়রানী প্রতিরোধ কমিটির Meeting Minutes of Anti Sexual Harassment Committee

অদ্য ০৮/১১/২০২১ ইং তারিখ রোজ : সোমবার দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ (তেজগাঁও) এর ০৮তলা মিটিং রুমে যৌন হয়রানী প্রতিরোধ কমিটির ত্রৈমাসিক কার্যসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন লিপি রানী সাহা সহঃ ব্যবস্থাপক (ওয়েলফেয়ার) এবং সভাপতি; যৌন হয়রানী প্রতিরোধ কমিটি।

সভার শুরুতেই যৌন হয়রানী প্রতিরোধ কমিটির সভাপতি লিপি রানী সাহা সহঃ ব্যবস্থাপক (ওয়েলফেয়ার)সবাইকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। সভাপতি তার সূচনা বক্তব্য প্রদান করেন এবং কমিটির সদস্য সচিব সাবরিনা নুসরাত, এডমিন অফিসার (প্রশাসন) কে অদ্যকার সভার মূল আলোচনা শুরু করার জন্য আহবান জানান।

সভায় আলোচনার বিষয় সমূহ :

পূর্ববর্তী সভার আলোচিত বিষয় সমূহের পুনরায় আলোচনা :

যৌন হয়রানী প্রতিরোধ কমিটির সদস্য সচিব সাবরিনা নুসরাত, এডমিন অফিসার (প্রশাসন) উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার শুরুতে বিগত সভার আলোচিত বিষয় সমূহের পুনরায় আলোচনা করেন।

১. যৌন হয়রানির সংজ্ঞা/যৌন হয়রানি কি বলতে বুঝায় :

- অনাকাঙ্ক্ষিত যৌন আবেদনমূলক আচরণ যেমন- শারীরিক স্পর্শ বা এ ধরনের প্রচেষ্টা;
- প্রাতিষ্ঠানিক এবং পেশাগত ক্ষমতা ব্যবহার করে কারো সাথে যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা করা;
- যৌন হয়রানি বা নিপীড়নমূলক উক্তি;
- যৌন সুযোগ লাভের জন্য অবৈধ আবেদন;
- পর্নোগ্রাফি দেখানো;

- যৌন আবেদনমূলক মন্তব্য বা ভঙ্গি;

- ছ) অশালীন ভঙ্গি, অশালীন ভাষা বা মন্তব্যের মাধ্যমে উদ্ভুক্ত করা বা অশালীন উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তির অলক্ষ্যে তার নিকটবর্তী হওয়া বা অনুসরণ করা, যৌন ইঙ্গিতমূলক ভাষা ব্যবহার করে ঠাট্টা বা উপহাস করা;
- জ) চিঠি, টেলিফোন,মোবাইল, এসএমএস, ছবি, নোটিশ, কার্টুন, বেঞ্চ, চেয়ার-টেবিল, নোটিশ বোর্ড, অফিস, ফ্যাক্টরি, শ্রেনি কক্ষ, বাথ রুমের দেওয়ালে যৌন ইঙ্গিতমূলক অপমানজনক কোন কিছু লেখা'
- ঝ) ব্লাক মেইল অথবা চরিত্র হননের উদ্দেশ্যে স্থির বা ভিডিও চিত্র ধারণ করা;
- ঞ) যৌন হয়রানির কারণে খেলাধুলা, সাংস্কৃতিক, প্রতিষ্ঠানিক এবং শিক্ষাগত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য করা;
- ট) প্রেম নিবেদন করে প্রত্যাখ্যাত হয়ে হুমকি দেয়া বা চাপ প্রয়োগ করা;
- ঠ) ভয় দেখিয়ে বা মিথ্যা আশ্বাস দিয়ে বা প্রতারণার মাধ্যমে যৌন সম্পর্ক স্থাপন বা স্থাপনের চেষ্টা করা ।

উপরে উল্লিখিত ক-ঠ আচরণ সমূহ নারীর স্বাস্থ্য ও সুরক্ষার জন্য হুমকি স্বরূপ এবং অপমানজনক । কোন নারী যদি এ ধরনের আচরণের শিকার হন এবং যদি তিনি মনে করেন যে, এই বিষয়ে প্রতিবাদ করলে তার কর্মক্ষেত্রে বা শিক্ষা প্রতিষ্ঠানে বা যেখানে তিনি আছে সেখানকার পরিবেশ তার উন্নয়নের জন্য বাধা বা প্রতিকূল হতে পারে তাহলে উক্ত আচরণ সমূহ নারীর প্রতি বৈষম্যমূলক বলে বিবেচিত হবে ।

২.যৌন হয়রানির বিরুদ্ধে অভিযোগ করার পদ্ধতি :

যে সকল যৌন হয়রানি মূলক কাজ ও আচরণ প্রচলিত আইনের অন্তর্ভুক্ত নয় এমন অশোভন আচরণ সমূহ সম্পর্কে যদি অপরাধের শিকার নারী অভিযোগ করতে চায় তা গ্রহণ করার সঠিক ও পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে এবং যার ফলে ভিকটিমের অভিযোগ দায়ের করতে পারে । অভিযোগ দায়ের ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অন্তর্ভুক্ত করতে হবে ।

- ক) অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখতে হবে ।
- খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগকারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে ।
- গ) অপরাধের শিকার ব্যক্তি নিজে, বন্ধু, চিঠি বা আইনজীবীর মাধ্যমে লিখিতভাবে অভিযোগ দায়ের করতে পারে ।
- ঘ) অভিযোগকারী ব্যক্তি স্বতন্ত্রভাবে অভিযোগ কমিটির নারী সদস্যের কাছে অভিযোগ জানাতে পারে ।
- ঙ) নীতিমালায় বর্ণিত ৯ ধারা অনুযায়ী গঠিত অভিযোগ কমিটির নিকট অভিযোগ দায়ের করতে হবে ।

০৩। লক্ষ্য এবং উদ্দেশ্য :

- ক) যৌন হয়রানি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা ।
- খ) যৌন হয়রানির কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা ।
- গ) যৌন হয়রানি শাস্তিযোগ্য অপরাধ- এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা ।

উক্ত সভায় আলোচ্য বিষয় সমূহ :

- যৌন হয়রানী প্রতিরোধ কমিটির সদস্য মোছাঃ আসমা খাতুন, কার্ড নং -১৭৬১৬৬,পদবী -জে এস এম ও (পি.সি) তিনি বলেন, যৌন হয়রানী মূলক বিষয়ের কোন ঘটনা মিটিং ছাড়াও আমরা প্রশাসনে, ওয়েলফেয়ার ম্যাডামদের এবং ফ্লোর এডমিন ম্যাডামদের উক্ত ঘটনা জানাতে পারবো । এ সম্পর্কে সকল কর্মরত বোনদের আমাদের সচেতন করতে হবে ।
- কোন কোন বিষয় গুলো যৌন হয়রানীর মধ্যে পড়তে পারে সে বিষয় গুলো সম্পর্কে আগে আমাদের মেয়েদের জানতে হবে ।
- যৌন হয়রানি শাস্তিযোগ্য অপরাধ- এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে ।
- দি সিভিল ইঞ্জিনিয়ার্স লিঃ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগকারীর নিরাপত্তা নিশ্চিত করবে বলে নিশ্চয়তা প্রদান করা হয় ।
- অভিযোগকারীরা যাতে করে নির্ভয়ে অভিযোগ প্রকাশ করতে পারেন এ সম্পর্কে ফ্লোর এডমিন ম্যাডাম ও ওয়েলফেয়ার অফিসারদেরকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে ।
- ফ্লোর এডমিন ম্যাডাম ও ওয়েলফেয়ার অফিসারদেরকে বেশী বেশী তাদের সাথে কথা বলতে হবে এবং বিশ্বাসযোগ্য সম্পর্ক গড়ে তুলতে হবে ।

যৌন হয়রানি কার্যক্রম সফল ভাবে পরিচালনার জন্য সভায় উপস্থিত সকলের সঙ্গে আলাপ-আলোচনাক্রমে সকলের মতামতের ভিত্তিতে একটি গ্রহনযোগ্য সভা অনুষ্ঠিত হয় ।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় যথাসময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত/পরামর্শ প্রদান করায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন ।

এডমিন অফিসার ও

সদস্য সচিব : যৌন হয়রানী প্রতিরোধ কমিটি

সহ: ব্যবস্থাপক ওয়েলফেয়ার ও

সভাপতি : যৌন হয়রানী প্রতিরোধ কমিটি